174

দৈনিক ইনকিলাব

তারিখ ... 22 APR 1998
পৃষ্ঠা 1 কলাম 2

সংসদে বিরোধী সদস্যদের ক্ষোভ

# এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার পরও সরকার নির্লিপ্ত

**সংসদ রিপোর্টার ঃ** এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার পরও এ ব্যাপারে সরকার নির্লিপ্ত থাকায় গতকাল সংসদে বিরোধী দলের সদস্যরা ক্ষোভ প্রকাশ করেছেন।

গতকাল (মঙ্গলবার) সংসদে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বিএনপি'র জয়নাল আবেদীন ফারুক বলেন, প্রশ্নপত্র ফাঁসের খবর প্রকাশ করায় সাংবাদিক গ্রেফতার করা হয়েছে। এসব কর্মকাণ্ড সঠিক হচ্ছে কি-না তিনি সরকারের বিবেকের কাছে প্রশ্ন করেন।

জাতীয় পার্টির ফজলে রাব্বিও পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বলেন, দেশ জুড়ে এসএসসির প্রশ্নপত্র ফাঁসের তাণ্ডব চলছে; কিন্তু সরকার এ ব্যাপারে নির্লিপ্ত। তিনি উদ্বিগ্ন পরীক্ষার্থী ও অভিভাবকদেরকে সঠিক তথ্য প্রদানের জন্য সরকারের প্রতি আহবান জানান।

এ ছাড়া প্রেসিডেন্টের ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর বক্তব্য রাখতে গিয়ে বিএনপি'র কবীর হোসেনও প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি উল্লেখ করেন। তিনি বলেন, এসএসসি'র প্রশ্নপত্র ফাঁস হলো কিন্তু শিক্ষামন্ত্রী পদত্যাগ করলেন না; এমন কি কোন

১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## বিরোধী সদস্যদের ক্ষোভ

প্রথম পৃষ্ঠার পর

বোর্ডের চেয়ারম্যান কিংবা অন্য কোন কর্মকর্তা পর্যন্ত পদত্যাগ করলেন না। অথচ প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ফাঁস করায় সাংবাদিক গ্রেফতার করা হলো।

**সুন্দরী প্রতিযোগিতা বন্ধ করা হোক**

বিএনপি'র নাজিম উদ্দিন আলম বাংলাদেশে সুন্দরী প্রতিযোগিতা বন্ধ করার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল (মঙ্গলবার) সংসদে জনাব আলম বলেন, আগামী ২৮ এপ্রিল ঢাকার একটি অভিজাত হোটেলে রূপসী বাংলাদেশ নামে সুন্দরী প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশে এ ধরনের আয়োজন খুবই দুঃখজনক।